# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৭৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের সব সালাতের কিরা‘আত জোরে পড়তেন না

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَكُنْ يجهرُ فِي صَلَاةِ اللَّيْلِ بقراءته كلها

আরবী

2573 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الأعلى بن حماد قال: حدثنا وهيب عن بُرْدٍ أَبِي الْعَلَاءِ عَنْ عُبَادَةَ بْنِ نُسَيٍّ عَنْ غُضَيْفِ بْنِ الْحَارِثِ قَالَ: : قُلْتُ لِعَائِشَةَ أَرَأَيْتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَجْهَرُ بِصَلَاتِهِ أَوْ يُخَافِتُ بِهَا؟ قَالَتْ: رُبَّمَا جَهَرَ بِصَلَاتِهِ وَرُبَّمَا خَافَتَ بِهَا قُلْتُ: الْحَمْدُ لِلَّهِ الذي جعل في الأمر سعة.

الراوي : غُضَيْف بْنِ الْحَارِثِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2438 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (223)

বাংলা

২৫৭৩. গুদাইফ বিন হারিস থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করলাম, “হে মুমিনদের জননী, আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছেন, তিনি কি (রাতের) সালাতের কিরা‘আত নিরবে পড়তেন নাকি সরবে পড়তেন?” জবাবে তিনি বলেন, “তিনি কখনো সরবে আবার কখনো নিরবে পড়তেন।” রাবী বলেন, “আমি বললাম, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি বিষয়টিতে প্রশস্ততা রেখেছেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৭; আবূ দাউদ: ২২৬; নাসাঈ: ১/১২৫; সহীহ মুসলিম: ৩০৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৮১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ গুযয়ফ ইবনুল হারিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91899

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন